


লালমাটিয়া মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭

২০২১ ও ২০২২ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের ক্লাস সম্পর্কিত বিজ্ঞপ্তি

তারিখ : ০৮/০৯/২০২১ খ্রি:

লালমাটিয়া মহিলা কলেজের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক আগামী ১২/৯/২০২১ খ্রি. তারিখ থেকে উচ্চমাধ্যমিক শ্রেণির সকল ক্লাস নতুন রুটিন অনুযায়ী শুরু হবে। শিখ্রই কলেজের ওয়েব সাইটে নতুন ক্লাস রুটিন প্রকাশ করা হবে। তবে দীর্ঘ দিন কোভিড-১৯ অতিমারির কারণে শিক্ষার্থীরা ক্যাম্পাসে আসতে না পারায় এবং মানসিকভাবে ভেঙে পড়ায় তাদের প্রথম ক্লাসটি শ্রেণি কক্ষে অনুষ্ঠিত হবে না। কোয়ান্টাম ফাউন্ডেশনের সহযোগিতায় সকলের জন্য “পোস্ট কোভিড মাইন্ড ব্রেইন রি-টিউনিং প্রোগ্রাম” নামে কলেজের অডিটরিয়ামে ৩ ঘণ্টার একটি সেশনের আয়োজন করা হয়েছে। যেহেতু কলেজের অডিটরিয়ামের আসন সংখ্যা ৫৮৬। তাই সর্বোচ্চ ৩০০ জন নিয়ে এই সেশনটি পরিচালিত হবে। এ প্রেক্ষিতে ১২/০৯/২০২১ খ্রি. তারিখ সকাল ৯টা থেকে বেলা ১২ টা পর্যন্ত ২০২১ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের বিজ্ঞান শাখার সংশ্লিষ্ট শিক্ষক ও শিক্ষার্থীদের নিয়ে এবং বেলা ১২.৩০ থেকে ৩.৩০ পর্যন্ত একই বর্ষের মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার সংশ্লিষ্ট শিক্ষক ও শিক্ষার্থীদের নিয়ে সেশনটি পরিচালিত হবে। একইভাবে ২০২২ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য ১৩/৯/২০২১ খ্রি. তারিখ সকাল ৯-১২ টা পর্যন্ত বিজ্ঞান শাখা এবং ১২.৩০-৩.৩০ পর্যন্ত মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার সংশ্লিষ্ট শিক্ষক ও শিক্ষার্থীদের নিয়ে সেশনটি পরিচালিত হবে। তাই যাদের যখন সেশনটি শুরু হবে তার আধাঘন্টা পূর্বে তারা কলেজের ক্যাম্পাসে স্বাস্থ্যবিধি মেনে প্রবেশ করবে। অতঃপর ১৪/৯/২০২১ খ্রি. তারিখ থেকে নতুন ক্লাস রুটিন অনুযায়ী যথারীতি ক্লাস চলমান থাকবে ইনশাআল্লাহ। বিষয়টি লালমাটিয়া মহিলা কলেজের সকল শিক্ষক ও শিক্ষার্থীদের অবহিতকরণের জন্য নিজ নিজ বিভাগের ফেইসবুক গ্রুপে দেয়ার জন্য বিভাগীয় প্রধানদের অনুরোধ করা হলো।


অধ্যক্ষ

লালমাটিয়া মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭